ইত্তেফাক

তারিখ: 29/4/80
পৃষ্ঠা: 1

104

# প্রাথমিক শিক্ষকদের ধর্মঘট।। সমাবেশ ও বিক্ষোভ মিছিল

( ইত্তেফাক রিপোর্ট )

প্রাথমিক শিক্ষা ব্যবস্থা স্থানীয় সরকারের হাতে অর্পণের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে এবং প্রাথমিক শিক্ষকদের বিভিন্ন দাবীর সমর্থনে গতকাল (সোমবার) সারাদেশে প্রাথমিক শিক্ষকরা ধর্মঘট পালন করেন। এতদুপলক্ষে ঢাকা নগরীসহ বিভিন্ন জেলাসদরে প্রাথমিক শিক্ষকদের সমাবেশ ও বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়। শিক্ষকদের দাবী-দাওয়া জানাইয়া সরকারের

( ৮মপৃঃ ১-এর কঃ দ্রঃ )

## প্রাথমিক শিক্ষকদের ধর্মঘট

( ১ম পৃঃ পর )

নিকট স্মারকলিপিও পেশ করা হইয়াছে।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির উদ্যোগে সকালে বায়তুল মোকাররম প্রাঙ্গণে আয়োজিত সমাবেশে সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আযাদ প্রাথমিক শিক্ষা ব্যবস্থা স্থানীয় সরকারের নিকট অর্পণ না করার দাবী জানান। তিনি সরকারকে প্রাথমিক শিক্ষকদের ৪ দফা দাবীও মানিয়া নিতে বলেন।

সভায় সমিতির সাধারণ সম্পাদক জনাব আ, কা, ফজলুল হকও বক্তৃতা করেন।

সমাবেশ শেষে মিছিল-সহকারে শিক্ষকগণ সচিবালয়ে দুই নম্বর ফটকের সম্মুখে তোপখানা সড়কে উপস্থিত হন এবং অবস্থান ধর্মঘট শুরু করেন। দেড়ঘন্টাব্যাপী অবস্থান ধর্মঘট ও বিক্ষোভ প্রদর্শন চলে। সমিতির একটি প্রতিনিধিদল স্মারকলিপি লইয়া প্রধানমন্ত্রীর সহিত সাক্ষাৎ করেন। প্রধানমন্ত্রী স্থানীয় সরকারের কাছে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা অর্পণের সিদ্ধান্ত স্থগিত রাখার কথা জানান বলিয়া সমিতির সভাপতি অধ্যাপক আযাদ উল্লেখ করিয়াছেন। সাক্ষাৎকালে সংসদ সদস্য মওলানা আবদুল মান্নান ও জনাব ফরহাদ আহমদ কাঞ্চনও উপস্থিত ছিলেন। বেলা সাড়ে ১২ টায় অবস্থান ধর্মঘট শেষ হয়।

বিকালে বায়তুল মোকাররম প্রাঙ্গণে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক পরিষদের উদ্যোগে স্থানীয় সরকারের হাতে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা অর্পণের সিদ্ধান্তের প্রতিবাদে এবং চৌদ্দ দফা দাবীর-সমর্থনে এক ক্ষুদ্র সমাবেশে অনুষ্ঠিত হয়। জনাব আবদুস সবুর খান উক্ত সমাবেশে সভাপতিত্ব করেন।

প্রাইমারী স্কুলসমূহের ব্যবস্থাপনা ইউনিয়ন পরিষদ ও পৌরসভার নিকট হস্তান্তরের সিদ্ধান্তের প্রতিবাদে গতকাল (সোমবার) কুমিল্লা, সিলেট ময়মনসিংহ, কুষ্টিয়া ও বরিশাল শহরে হাজার হাজার প্রাইমারী স্কুল শিক্ষক মিছিল বাহির করেন এবং সরকারের এই সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানান। এইসব স্থানে সভাও অনুষ্ঠিত হয়। ইত্তে- ফাকের সংবাদদাতাগণ এখবর পাঠাইয়াছেন।